



ইসলামের নামে বিভাজন সৃষ্টির অপচেষ্টা চলছে: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, একটি মহল রাজনৈতিক স্বার্থ হাসিলের জন্য ইসলামকে ব্যবহার করে সমাজে বিভাজন ও বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে। নির্বাচনের আগে ধর্মকে কাজে লাগিয়ে জনগণকে বিভক্ত করার এই প্রবণতা অত্যন্ত দুঃখজনক ও বিপজ্জনক বলেও তিনি উল্লেখ করেন। শনিবার (১ নভেম্বর) ‘আজমতে সাহাবা’ মহাসম্মেলনে বক্তব্য দিতে গিয়ে সালাহউদ্দিন আহমদ বলেন, “আমরা মদিনার ইসলামে বিশ্বাসী—যে ইসলাম রাসুলুল্লাহ (সা.) প্রতিষ্ঠা করেছেন এবং সাহাবায়ে কেরাম তা অনুসরণ করেছেন। কিন্তু আজ কিছু গোষ্ঠী ইসলামকে বিকৃতভাবে উপস্থাপন করে ফিতনা সৃষ্টি করছে। তারা মুসলমানদের মধ্যে বিভাজন তৈরি করতে ধর্মকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করছে।”

তিনি বলেন, “ইসলাম ঐক্য ও ভ্রাতৃত্বের শিক্ষা দেয়। অথচ কিছু ব্যক্তি ইসলামের নাম নিয়ে বিভ্রান্তি সৃষ্টি করছে। রাজনীতির নামে কেউ যেন ইসলামকে অপব্যবহার করতে না পারে, সেটি আমাদের সবার সতর্ক থাকতে হবে।”

সরকারের সমালোচনা করে বিএনপির এই নেতা বলেন, “শেখ হাসিনার আমলে ইসলামবিরোধী নীতি গ্রহণ করা হয়েছিল। আওয়ামী লীগ সবসময় ইসলাম ও আলেম সমাজকে অবমূল্যায়ন করেছে এবং মুসলমানদের বিরুদ্ধে বিদ্বেষ ছড়িয়েছে। তাদের রাজনীতি শেষ পর্যন্ত ব্যর্থতায় গিয়েছিল—ইতিহাস তার সাক্ষী।”

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, “বিএনপি ইসলামের প্রকৃত চেতনা ও আদর্শ বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ। আমরা এমন একটি সমাজ চাই, যেখানে ইসলাম হবে ন্যায়, শান্তি ও ঐক্যের ভিত্তি, বিভেদের নয়।”